# “দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ” প্রকল্প

**১। প্রকল্পের নাম:** “দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ”

**২। উদ্দেশ্য:** এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো দুগ্ধ ঘাটতি এলাকায় উন্নত শংকর জাতের গাভী পালনের প্রচলনের মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করা । এ লক্ষ্য অর্জনের জন্য প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহঃ

- স্থানীয় চাহিদা পূরণে প্রাথমিকভাবে ৫০ টি দুগ্ধ ঘাটতি উপজেলায় বছরে প্রতি উপজেলায় গড়ে ৪৫০০০০ লিটার দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করা।
- প্রকল্পভূক্ত ৫০০০ জন উপকারভোগীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।
- অর্থনৈতিক কার্যক্রমে ২০০০ জন নারীর সরাসরি অংশগ্রহণ নিশ্চিতকরণ ।

**৩। প্রকল্প বাস্তবায়নকালঃ** ০১ লা জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত।

**৪। প্রকল্প এলাকা :**

| বিভাগ | জেলা | উপজেলা/সিটি কর্পোরেশন/ পৌরসভা |
|---|---|---|
| ঢাকা | ঢাকা* | প্রকল্প দপ্তর |
| | গাজীপুর | কালিয়াকৈর |
| | মানিকগঞ্জ | সদর** |
| | রাজবাড়ী | কালুখালী |
| | ফরিদপুর | আলফাডাঙ্গা** |
| | গোপালগঞ্জ | কাশিয়ানী** |
| | শরিয়তপুর | ভেদরগঞ্জ**, নড়িয়া |
| | মাদারীপুর | শিবচর |
| | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া, মিঠামইন |
| চট্টগ্রাম | কক্সবাজার | কুতুবদিয়া, চকরিয়া |
| | নোয়াখালী | সেনবাগ |
| | কুমিল্লা | মনোহরগঞ্জ, বুড়িচং, দেবীদ্বার |
| | ব্রাহ্মণবাড়িয়া | সদর |
| | চাঁদপুর | ফরিদগঞ্জ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | তারাকান্দা |
| | নেত্রকোনা | মোহনগঞ্জ, খালিয়াজুরী |
| | জামালপুর | মেলান্দহ |
| খুলনা | খুলনা | দিঘলীয়া, পাইকগাছা |
| | সাতক্ষীরা | শ্যামনগর |
| | যশোর | মনিরামপুর**, বাঘারপাড়া, চৌগাছা |
| | মাগুরা | সদর |
| | নড়াইল | লোহাগড়া |
| | কুষ্টিয়া | দৌলতপুর |
| রংপুর | রংপুর | মিঠাপুকুর |
| | নীলফামারী | সৈয়দপুর |

| | | |
|---|---|---|
| | কুড়িগ্রাম | ফুলবাড়ী |
| | ঠাকুরগাঁও | সদর |
| | লালমনিরহাট | হাতিবান্ধা |
| রাজশাহী | পাবনা | চাটমোহর |
| | চাঁপাইনবাবগঞ্জ | সদর |
| | নওগাঁ | পত্নীতলা |
| | রাজশাহী | তানোর |
| ‘বরিশাল | বরিশাল | বাবুগঞ্জ,মুলাদী |
| | পটুয়াখালী | সদর, বাউফল |
| সিলেট | সিলেট | দক্ষিন সুরমা |
| | হবিগঞ্জ | মাধবপুর |
| | সুনামগঞ্জ | দক্ষিন সুনামগঞ্জ |
| | মৌলভীবাজার | কুলাউড়া |

৫।**প্রকল্প ব্যয়:** ১৫৬৮৮.২৪ (লক্ষ টাকা)

**৬। প্রকল্পের কার্যাবলী (মূল কার্যক্রম ):**

- বেঞ্চমার্ক সার্ভে পরিচালনা: একটি বেঞ্চমার্ক সার্ভে পরিচালনার মাধ্যমে প্রকল্পের জন্য নির্বাচিত ৩৮ টি জেলার ৫০টি উপজেলা হতে ৫০০০ জন উপকারভোগী চিহ্নিত করা।
- সমবায় সমিতি গঠন: উপকারভোগীদের মধ্য হতে ৫০ জনের সমন্বয়ে ১টি করে সমিতি গঠন। প্রতি উপজেলায় ০২টি করে মোট ১০০টি সমিতি নিবন্ধিত হবে।
- প্রশিক্ষণ : প্রত্যেক উপকারভোগীকে আধুনিক ডেইরি ব্যবস্থাপনার বিষয়ে ৬ টি ভিন্ন ভিন্ন বিষয়ে ৪ দিন ও ২ দিন এর প্রশিক্ষণ প্রদান করা।
- গাভী ঋণ প্রদান ও আবর্তক তহবিল: উন্নত জাতের ২ টি বকনা ক্রয়ের লক্ষ্যে প্রত্যেক উপকারভোগীকে ১,৬০,০০০ টাকা, লালন পালনের জন্য ৪০,০০০ টাকা. মোট ২,০০,০০০ টাকা ঘূর্ণায়মান তহবিল হতে ঋণ প্রদান করা হবে।
- দুগ্ধ বিপনন: উৎপাদিত দুধ স্থানীয় বাজারের চাহিদা পূরণের লক্ষ্যে স্থানীয় বাজারে বিপণন করা হবে।প্রকল্প এলাকায় অবস্থিত চিলিং প্ল্যান্ট এর মাধ্যমে সংগ্রহ ও বিপণেনের জন্য বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিল্ক ভিটা) এর সাথে Mou স্বাক্ষর করা হবে।
- প্রশিক্ষণ কেন্দ্র সহ বকনা উন্নয়ন কেন্দ্র( হেইফার সেন্টার) স্থাপন: ভালো জাতের বকনা সংগ্রহে বকনার উৎস হিসাবে ৫টি জেলায় ৫টি বকনা উন্নয়ন কেন্দ্র (হেইফার সেন্টার) স্থাপন করা হবে। উক্ত কেন্দ্রসমূহ: শরিয়তপুর জেলার ভেদরগঞ্জ, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা, যশোর জেলার মনিরামপুর উপজেলা, বরিশাল জেলার মুলাদী উপজেলা ও মানিকগঞ্জ জেলার সদর উপজেলায় স্থাপন করা হবে।
- প্যারাভেট ও কৃত্রিম প্রজনন বিষয়ে প্রতি সমিতির ২ জন করে ২০০ জনের প্রশিক্ষণ: প্রতি সমিতির ২

জন করে  মোট ২০০ জন উদ্যমী পুরুষ, মহিলাকে প্যারাভেট ও কৃত্রিম প্রজনন বিষয়ে  ২ মাসের প্রশিক্ষণ প্রদান করা হবে ।

- ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়ার ও ডাটাবেজ ক্রয়: প্রকল্পের আওতায় সৃষ্ট ৫টি বকনা উন্নয়ন কেন্দ্রের কার্যক্রম পরিচালনা, রক্ষনাবেক্ষণ, খাদ্য, টিকাকরণ সহ আয় ব্যয়ের তথ্যাদী সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য একটি  কাস্টমাইজড ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়ার ক্রয় করা হবে।

**৭। প্রকল্পের আউটপুট:**

- জুন,২০২৬ সালের মধ্যে ১০০ টি উৎপাদনমুখী সমবায় সংগঠন সৃষ্টি।
- জুন,২০২৬ সালের মধ্যে নিবন্ধিত ১০০টি উৎপাদনমুখী সমবায় সমিতির মোট সম্পদ ১০০০০.০০ লক্ষ টাকায় উন্নীত।
- হোলস্টান ফ্রিজিয়ান জাতের মাধ্যমে ১০৬০০ টি গাভী পালনে প্রচলন।
- জুন,২০২৬ সালের মধ্যে ৫০০০ জন প্রশিক্ষিত সমবায়ীর প্রত্যক্ষ  এবং ১০০০০ জন ব্যক্তির পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।
- ১০৬০০ টি গাভীর জন্য ভ্যাক্সিনেশন ও কৃত্রিম প্রজনন ব্যবস্থা গ্রহণ।
- ৫ টি জেলায়  ৫টি বকনা উন্নয়ন কেন্দ্র (হেইফার সেন্টার) স্থাপন করা হবে।

**৮। জুন  ২০২৩ পর্যন্ত অগ্রগতি:**

- জুন ২০২৩  পর্যন্ত  মোট ছাড়কৃত অর্থের পরিমান ৩৩৫.৭৫ (লক্ষ  টাকায়)।
- সমবায় সমিতি গঠন  : ০৪ টি ।
- গঠিত সমবায় সমিতির সদস্য সংখ্যা: ২০০ জন।
- আবর্তক তহবিল হতে ঋণ বিতরণ: ৩০০.০০ লক্ষ টাকা।
- ঋণ গ্রহণকারী সদস্য: ১৫০ জন।
- অনুমোদিত প্রকল্প ব্যয়ের বিপরীতে ব্যয়ের হার  ২.১৩%।